

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২৪০২

১৩/ বিচার ও বিধান (کتاب الأحكام)

পরিচ্ছেদঃ ১৩/৪৭. আমানত গ্রহণকারী আমানতের মাল দিয়ে ব্যবসা করে লাভবান হলে

بَابِ الْأَمِينِ يَتَّجِرُ فِيهِ فَيَرْبَحُ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا سُفْيَانُ بْنُ عُيَيْنَةَ، عَنْ شَبِيبِ بْنِ غَرْقَدَةَ، عَنْ عُرْوَةَ الْبَارِقِيِّ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم أَعْطَاهُ دِينَارًا يَشْتَرِي لَهُ شَاةً فَاشْتَرَى لَهُ شَاتَيْنِ فَبَاعَ إِحْدَاهُمَا بِدِينَارٍ فَشَاةٍ فَدَعَا لَهُ رَسُولُ اللهِ فَبَاعَ إِحْدَاهُمَا بِدِينَارٍ وَشَاةٍ فَدَعَا لَهُ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم بِدِينَارٍ وَشَاةٍ فَدَعَا لَهُ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم بِدِينَارٍ وَشَاةٍ فَدَعَا لَهُ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم بِالْبَرَكَةِ . قَالَ فَكَانَ لَوِ اشْتَرَى التُّرَابَ لَرَبِحَ فِيهِ .

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ سَعِيدِ الدَّارِمِيُّ، حَدَّثَنَا حَبَّانُ بْنُ هِلاَل، حَدَّثَنَا سَعِيدُ بْنُ زَيْد، عَنِ الزُّبَيْرِ بْنِ الْخِرِّيت، عَنْ أَبِي لَبِيد، لِمَازَةَ بْنِ زَبَّارٍ عَنْ عُرْوَةَ بْنِ أَبِي الْجَعْدِ الْبَارِقِيِّ، قَالَ قَدِمَ جَلَبٌ فَأَعْطَانِي النَّبِيُّ صلى الله عليه وسلم دِينَارًا فَذَكَرَ نَحْوَهُ .

বাংলা

১/২৪০২। উরওয়া আল-বারিকী (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর জন্য একটি ছাগল কেনার উদ্দেশে তাকে একটি দীনার দেন। তিনি তাঁর জন্য দু'টি ছাগল কিনে এর একটি এক দীনারে বিক্রয় করে একটি দীনার ও একটি ছাগল নিয়ে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট উপস্থিত হন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার জন্য বরকতের দোয়া করেন। রাবী বলেন, এরপর তিনি মাটি কিনলে তাতেও লাভবান হতেন।

২/২৪০২ (১) উরওয়া ইবনে আবুল জাদ আল-বারিকী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, একটি বাণিজ্যিক কাফেলা পণ্যদ্রব্য নিয়ে আসলো। নবী সাল্লাল্লাহ্ন আলাইহি ওয়াসাল্লাম আমাকে একটি দীনার দিলেন ... পূর্বোক্ত হাদীসের অনুরূপ।



English

It was narrated from 'Urwah Al-Bariqi that :

the Prophet (ﷺ) gave him a Dinar to buy him a sheep, and he bought two sheep for him, then he sold one of them for a Dinar, and bought a Dinar and a sheep to the Prophet (ﷺ). The Messenger of Allah (ﷺ) prayed for blessing for him.

ফুটনোট

সহীহুল বুখারী ৩৬৪৩, তিরমিয়ী ১২৫৮, আবূ দাউদ ৩৩৮৪, আহমাদ ১৮৮৬৭, ১৮৮৭৩, সহীহ আত-তিরমিয়ী ১২৫৮, মিশকাত ২৯৩২।

তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী সাঈদ বিন যায়দ সম্পর্কে আবু বাকর আল-বাযযার বলেন, তিনি হাদিস গ্রহনে শিথিল। আবু হাতিম আর-রাযী বলেন, তিনি নির্ভরযোগ্য নয়। আবু হাতিম বিন হিব্বান বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় সন্দেহ ও ভুল করেন। আহমাদ বিন শু'আয়ব আন-নাসায়ী বলেন, তিনি নির্ভরযোগ্য নয়। (তাহযীবুল কামালঃ রাবী নং ২২৭৬, ১০/৪৪১ নং পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ উরওয়াহ বারিকী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন